গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল
www.tmed.gov.bd

বিষয়ঃ ‘৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়’ বিষয়ক অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ কামাল হোসেন
সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
সভার তারিখ : ২২/১১/২০২২ খ্রিস্টাব্দ।
সভার সময় : বেলা ০২.০০ ঘটিকা।
স্থান : সভা কক্ষ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির নির্দেশক্রমে উপসচিব রুজিনা সুলতানা এ বিভাগ কর্তৃক প্রণীত ‘৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়’ বিষয়ক কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। পর্যায়ক্রমে আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণ স্ব স্ব দপ্তরের এতদসংক্রান্ত কর্মপরিকল্পনার বিষয় সভাকে অবহিত করেন।

আলোচনা ও সিদ্ধান্ত
বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কে কার্যক্রম গ্রহণ সম্পর্কে আলোচনা হয়; | নভেম্বর ২০২২ এর মধ্যে ‘৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়’ সম্পর্কে কার্যক্রম গ্রহণের জন্য দপ্তর/সংস্থাসমূহকে পত্র মারফত নির্দেশনা প্রদান করতে হবে; | এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল |
| ২. | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের বর্তমান অবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা হয়; | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ নিয়মিত পর্যবেক্ষণ ও চালু রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে; | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা |
| ৩. | ৪র্থ শিল্প বিপ্লব সম্পর্কিত প্রকল্প প্রস্তাব আহ্বানের বিষয়ে আলোচনা হয়; | ডিসেম্বর ২০২২-এর মধ্যে ৪র্থ শিল্প বিপ্লব সম্পর্কিত প্রকল্প প্রস্তাব আহ্বানের জন্য আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে পত্র প্রেরণ করতে হবে; | এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল |
| ৪. | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়নে কমিটি গঠন ও ফোকাল পয়েন্ট নির্বাচন বিষয়ে আলোচনা হয়। | নভেম্বর ২০২২ এর মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়নে কমিটি গঠন ও ফোকাল পয়েন্ট নির্বাচন করতে হবে। | এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১১/২০২২

(মোঃ কামাল হোসেন)
সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

নং- ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০১.২০-৯০

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২২ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬। চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৭। উপসচিব (মাদ্রাসা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী, বগুড়া।
৯। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর।
১০। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অফিস কপি।

22.11.2022

(রুজিনা সুলতানা)
উপসচিব
ই-মেইল: dsapa@tmed.gov.bd